ময়না ও আকাশের
সংসার

আমার নাম ময়না। আমি একটি স্কুলে পড়াই।
তিন বছর হলো আমার বিয়ে হয়েছে।

আমার স্বামীর নাম আকাশ। সে ছোটখাট ব্যবসা করে।
আমাদের অল্প কিছু চাষের জমিও আছে।

আমাদের একমাত্র মেয়ের নাম মিষ্টি। আমাদের স্বপ্ন মিষ্টি বড় হয়ে একদিন বিমান চালাবে।

আছিয়া কিংবা মিতার স্বামীরা কিন্তু সুখী নয়। যে পরিবারে
মেয়েদের মর্যাদা ও অধিকার থাকে না সে পরিবারে
সুখও থাকে না।

আমাদের পরিবারের সকল বিষয় নিয়ে আমরা কথা বলি। কোন বিষয় নিয়ে মতভেদ হলেও-যুক্তি দিয়ে আলোচনার মাধ্যমে দুজনে মিলে সিদ্ধান্ত নেই।

আমাদের চার পাশে অনেক পরিবারে দেখি ঝগড়া-ঝাটি লেগেই আছে। এইতো সেদিন মাঝরাতে মিতাকে তার স্বামী কি মারটাই না মারলো।

আমাদের পরিবারের সকল বিষয় নিয়ে আমরা কথা বলি। কোন বিষয় নিয়ে মতভেদ হলেও-যুক্তি দিয়ে আলোচনার মাধ্যমে দুজনে মিলে সিদ্ধান্ত নেই।

তার পর আছিয়া, আহা রে! মেয়েটির ছয় মাসও হয়নি বিয়ে
হয়েছে। এরই মধ্যে সে স্বামীর চক্ষুশুল হয়ে গেল।
পান থেকে চুন খসলেই মেজাজ, বকাবকি শুনতে হয়।

আছিয়া কিংবা মিতার স্বামীরা কিন্তু সুখী নয়। যে পরিবারে মেয়েদের মর্যাদা ও অধিকার থাকে না সে পরিবারে সুখও থাকে না।

আমরা জানি, স্বামী-স্ত্রী দুজনের মধ্যে মর্যাদার সম্পর্ক থাকলে
ভালবাসা পাওয়ার জন্য জোর-জবরদস্তির প্রয়োজন হয় না ।

আমাদের বিয়েবার্ষিকী বা আমার জন্মদিনে ও আমাকে উপহার দেয়। টাকা নষ্ট করছে বলে আমি কপট রাগ করি, কিন্তু ভীষণ ভালোও লাগে। আমিও তাকে উপহার দেই।

কখনও কখনও আমরা সবাই মিলে বেড়াতে যাই। পার্কে ঘুরি, সিনেমা দেখি।

আমি ভাবি, আমাদের মত পরিবার যদি সবার হতো, তাহলে
সমাজটা কত সুন্দর ও মেয়েদের জন্য নিরাপদ হতো।

আমরাই পারি পারিবারিক নির্যাতন প্রতিরোধ জোট
৬/৪ এ (তৃতীয় তলা), স্যার সৈয়দ রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।
ফোন: ৯১৩০২৬৫।
www.wecanendvaw.org